

তাওহীদ অর্থ কি, তাওহীদ কত প্রকার ও কি কি?

তাওহীদ শব্দের আভিধানিক অর্থ- এক করা, একক ও অদ্বিতীয় সাব্যস্ত করা, একত্ববাদ প্রতিষ্ঠা করা। শারী'য়াতের পরিভাষায় তাওহীদের অর্থ হলো- আল্লাহকে (ﷻ) তাঁর সুমহান জাত (সত্তা) সর্বসুন্দর নাম ও সিফাতে (গুণরাজি-বৈশিষ্ট্য) এবং তাঁর অধিকার, কর্ম ও কর্তৃত্বে এক, একক ও অদ্বিতীয় ঘোষণা ও সাব্যস্ত করা, এবং এসব ক্ষেত্রে নিজের কথা, কাজ ও বিশ্বাসের দ্বারা আল্লাহর একত্ব অক্ষুন্ন রাখা।

তাওহীদ তিন প্রকার যথা:-

- (১) তাওহীদুর রুবুবিয়াহ। আর তা হলো- নিজের কথা, কাজ ও বিশ্বাসের দ্বারা আল্লাহকে (ﷻ) তাঁর যাবতীয় কর্ম ও কর্তৃত্বে এক ও অদ্বিতীয় তথা লা-শরীক (অংশীদারহীন) সাব্যস্ত করা।
 - (২) তাওহীদুল উলূহিয়াহ। অর্থাৎ- 'ইবাদাতে আল্লাহর (ﷻ) একত্ব অক্ষুন্ন রাখা। অন্য কথায়, 'ইবাদাতে আল্লাহর একত্ব প্রতিষ্ঠা করা।
 - (৩) তাওহীদুল আছমা ওয়াসসিফাত। অর্থাৎ- আল্লাহকে (ﷻ) তাঁর নাম ও গুণাবলীতে এক ও অদ্বিতীয় সাব্যস্ত করা। অন্য কথায়, আল্লাহর সুমহান নাম ও গুণাবলীতে আল্লাহর (ﷻ) একত্ব অক্ষুন্ন রাখা।
- “সাব্যস্ত করার” অর্থ হলো- নিজের ‘আক্বীদাহ-বিশ্বাসে, কথা-বার্তায় ও কাজে-কর্মে আল্লাহর একত্ববাদ প্রমাণিত ও প্রতিষ্ঠিত করা।